

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ পৌষ ১৪২৬/০৭ জানুয়ারি ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১১—প্রধানমন্ত্রীর মুখ্যসচিব জনাব মোঃ নজিবুর রহমান ১৯৮২ সনের নিয়মিত ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক প্রায় ৩৬ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন।

২। জনাব মোঃ নজিবুর রহমান সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালনের মধ্য দিয়ে দেশ ও জাতির কল্যাণে কাজ করে গেছেন। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব মোঃ নজিবুর রহমানকে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

( ৬২৩ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা :  $\frac{১৫ \text{ পৌষ } ১৪২৬}{৩০ \text{ ডিসেম্বর } ২০১৯}$

প্রধানমন্ত্রীর মুখ্যসচিব জনাব মোঃ নজিবুর রহমান ১৯৮২ সনের নিয়মিত ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক প্রায় ৩৬ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করছেন।

বর্গাঢ্য কর্মজীবনের শুরুতে জনাব মোঃ নজিবুর রহমান মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি জাতীয় সংসদ সচিবালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগে কর্মরত ছিলেন। এছাড়া, তিনি নিউইয়র্কস্থ জাতিসংঘের বাংলাদেশ স্থায়ী মিশনের ইকোনমিক মিনিস্টার পদেও দায়িত্ব পালন করেন। জনাব মোঃ নজিবুর রহমান ইতঃপূর্বে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব; পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান হিসাবেও দায়িত্ব পালন করেন। সর্বশেষ জনাব মোঃ নজিবুর রহমান গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবে নিযুক্ত হন এবং অদ্যাবধি উক্ত পদে পারদর্শিতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ নজিবুর রহমান সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালনের মধ্য দিয়ে দেশ ও জাতির কল্যাণে কাজ করে গেছেন। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবেও তাঁর সেবা ও কর্তব্যপরায়ণতা প্রশংসার দাবিদার। তাঁর সার্বক্ষণিক পরিবীক্ষণ ও তদারকি সরকারের বিভিন্ন অগ্রাধিকার কর্মসূচির দ্রুত বাস্তবায়নসহ সার্বিক কর্মকাণ্ডে উত্তাবনী ও গতিশীলতা সঞ্চারণ করেছে।

দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব মোঃ নজিবুর রহমানকে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd